[redacted]

[redacted]

[redacted]



এই বিষয় নিয়ে মেহেরপুর
জেলা প্রেসক্লাবে
সাংবাদিকরা আজ বুধবার
(২৬ জুলাই) বেলা ১১ টার সময় এক জরুরী বৈঠকে
মিলিত হন। আলোচনা হয়
উদ্ভূত পরিস্থিতি নিয়ে।
সর্ব সম্মতিক্রমে
সিদ্ধান্ত গৃহীত হয় যে,
পেশাদারি দায়িত্ব
পালনের ক্ষেত্রে যে কোনো ধরণের অশুভ, অপশক্তির বিরুদ্ধে সকল সাংবাদিক ঐক্যবদ্ধভাবে তাদের লেখনির মাধ্যমে মোকাবেলা করতে বদ্ধপরিকর।

এব্যাপারে দৈনিক জবাবদিহির সাংবাদিক ও মেহেরপুর জেলা প্রেসক্লাবের গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহিন বলেন, আমি রাস্তায় দাঁড়িয়ে মোবাইল দিয়ে দু/একটা ছবি তোলার পরেই মোতাচ্ছিম বিল্লাহ মতু এসে আমার হাত থেকে মোবাইল ফোনটি ছিনিয়ে নেন। শুধু মোবাইল ফোনটি ছিনিয়ে নেননি। সে আমার কলার ধরে রাস্তা থেকে তার ক্লিনিকের ভেতরে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। পরে আমার সহকর্মিরা এসে তার কাছ থেকে আমাকে মুক্ত করেন।

আক্রান্ত অপর সাংবাদিক দৈনিক আমাদের অর্থনীতির পত্রিকার জেলা প্রতিনিধি মাসুদ রানা বলেন, সাংবাদিকরা যেকোনো স্থানের ছবি তুলতে পারে। কিন্তু মোতাচ্ছিম বিল্লাহ মতু আমাদের সাথে যে আচরণ করেছেন সেটা কোনো সভ্য মানুষ করতে পারেনা। তার গণমাধ্যম সম্পর্কে কোনো ধারনায় নেই

এ্যবাপারে মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন, আমি খবর পেয়ে সেখানে উপস্থিত হলে ক্লিনিক মালিক মোতাচ্ছিম বিল্লাহ মতু তার পূর্ব অভ্যাসমত আমাকেও গালাগালি শুরু করেন। আমি তাকে গালাগালি থেকে নিবৃত করার চেষ্টা করলে আমার উপরেও মারমুখি হন তিনি। মোতাচ্ছিম বিল্লাহ মতু কথায় কথায় সাংবাদিকদের চাঁদাবাজ বলতে স্বাচ্ছন্দবোধ করেন। সাংবাদিকদের পেশাদারিত্বের উপর এই ন্যাক্কার জনক আচরনের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। এবং অভিযুক্ত ক্লিনিক মালিক মোতাচ্ছিম বিল্লাহ মতু ও তার ছেলেসহ ভাড়াটিয়াদের তদন্ত ও বিচার দাবি করছি। ক্লাবের সকল সদস্যদের উদ্দ্যেশ্যে তিনি বলেন শান্ত থেকে আইনি লড়াই করার প্রস্তুতি নিতে

হবে।



মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক, কালের কন্ঠের জেলা প্রতিনিধি ও
মেহেরপুর প্রতিদিনের
সম্পাদক ইয়াদুল মোমিন
বলেন, সাংবাদিকদের
বিরুদ্ধে মেয়র মতু’র যে
আস্ফালন, স্বাধীন
সাংবাদিকতাকে হুমকীর মুখে ফেলবে। কোনো সাংবাদিক তার সাথে কথা বলতে গেলে তিনি চড়াও হন এবং সাংবাদিককে চাঁদাবাজ অখ্যায়িত করে হুমকি দিয়ে থাকেন। তার সাখে আমার মোবাইলে কথোপকথোনের একটি অডিও রেকর্ডও আছে। যেখানে সে দাঁত ভেঙ্গে দেওয়ার কথা বলেন এবং ৫০ টি চাঁদাবাজির মিথ্যা মামলা দেওয়ার হুমকি দেন। এই অডিও রেকর্ডটি ইতোমধ্যে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। সাংবাদিকদের সাথে এই ধরনের আচরণ অনভিপ্রেত।

দৈনিক যুগান্তরের জেলা প্রতিনিধি ও মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম বলেন, ক্লিনিকের বাইরের দৃশ্য ধারণের কারনে সাংবাদিক এ সিদ্দিকী শাহীনের মোবাইল কেড়ে নেয়া ও মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুর ওপর হামলা ও নির্যাতনের প্রতিবাদ জানিয়েছেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম। তিনি প্রকৃত হামলাকারীদের আইনের মাধ্যমে স্ষ্ঠুু বিচারে প্রকৃত অপরাধীর শাস্তি দাবি করেন। না হলে কলম সৈনিকেরা হারাবে সত্য প্রকাশের স্বাধীনতা। পেশাজীবি হিসেবে একজন সাংবাদিকের কাজই হচ্ছে সাংবাদিকতায় সহায়তা করা। মাহবুব চান্দু ও শাহীন পেশাগত সেই দায়ীত্বই পালন করছিলেন। হামলাকারীদের আটক করে আইনের আওতায় না আনা হলে আমরা মেহেরপুরের সাংবাদকরা কর্মসূচি দিতে বাধ্য হবো।

মেহেরপুর সদর থানার এস আই সঞ্জিব ঘোষ বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে ক্লিনিক মালিক পক্ষকে নিবৃত করা হয়েছে। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[

দামুড়হুদা প্রেসক্লাবের ৫জন কে বহিষ্কার

দামুড়হুদা প্রেসক্লাবে জরুরি সভায় গঠনতন্ত্র বহিভূত কর্মকাণ্ডের অভিযোগে ৫জন সদস্যকে বহিষ্কার করা হয়েছে। আজি শনিবার দুপুর ১২টার দিকে দামুড়হুদা প্রেসক্লাব মিলনায়তনে এক জরুরি সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে ও প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবির সঞ্চালনায় জরুরি সভায় উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজল, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, মেহেদী হাসান মিলন, ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক বিল্লাল হোসেন, নির্বাহী সদস্য শামসুজ্জোহা পলাশ, জাহিদুর রহমান মুকুল, আব্দুস সালাম, সিনিয়র সদস্য তাছির আহমেদ, মোজাম্মেল শিশির, এসএম সুজন, সালাউদ্দিন, শাহজালাল বাবু, রাসেল আহমেদ, মশিউর রহমান প্রমুখ।

জরুরি সভায় প্রেসক্লাবের গঠনতন্ত্র বহিভূত কর্মকাণ্ডের সাথে জড়িত থাকার অভিযোগে সদস্য বখতিয়ার হোসেন বকুল, আব্দুল লতিফ, রতন বিশ্বাস, শরিফ উদ্দীন, মোমিনুল হক কে সর্ব সিদ্ধান্তনুযায়ী বহিষ্কার করা হয়েছে। আগামীতে তাদের কোনো আইনবহির্ভূত কর্মকাণ্ডের বিষয়ে দামুড়হুদা প্রেসক্লাব দায়বদ্ধ থাকবে না।

মেহেরপুরে এশিয়ান টিভির সাংবাদিক জনি আর নেই

এশিয়ান টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি মিজানুর রহমান জনি (৪০) হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া

ইন্না ইলাহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার দুপুর দেড়টার দিকে মেহেরপুর আদালতে একটি মামলায় হাজিরা দিতে গিয়ে আদালত চত্বরে অসুস্থ হয়ে পড়েন। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। মিজানুর রহমান জনি মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ছিলেন। বর্তমান জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য ।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল কর্মকর্তা (আরএমও) মোখলেছুর রহমান পলাশ বলেন, মিজানুর রহমান জনি মাইয়ো কার্ডিয়াক ইনফেকশনে (সিভিআর -হার্ট এ্যাটাক) আক্রান্ত হয়েছিলেন। তাকে হাসপাতালে নেওয়ার আগেই তিনি মারা গেছেন।

গাংনীতে ফেসবুকের ফেক আইডির বিরুদ্ধে অভিযোগ

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ফেক আইডি তৈরি করে এনটিভির সাংবাদিক রেজ আন উল বাসার তাপসকে নিয়ে কুরুচিকর ও বিভ্রান্তিমূলক প্রচার করায় অপরাধ বার্তা নামের একটি আইডির বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে অভিযোগ দায়ের করা হয়েছে।

গতকাল রাতে গাংনী থানায় বাদী রেজ আন উল বাসার তাপস স্বশরিরে হাজির হয়ে এ অভিযোগ দাখিল করেন।
বাদীর অভিযোগ, গত ৭ জুলাই দিবা গত রাত্র ১২.১৮ মিনিট এর সময় অজ্ঞাত নামা ৪/৫ জন আসামীরা ‘অপরাধ বার্তা’ নামক ফেসবুক আইডির মাধ্যমে তথ্য ও প্রযুক্তি অনলাইন ব্যবহার করে আমার ফেসবুক প্রোফাইল আইডির ছবি আমার অনুমতি বিহীন সংগ্রহ করিয়া লেখালেখি করিয়া বলে যে, “এনটিভির” মেহেরপুর জেলা প্রতিনিধি মোহাঃ রেজ-আন-উল-বাসার তাপস এর গাঁজা সেবন। এমন আরো ভিডিও পেতে আমাদের সাথেই থাকুন বলিয়া অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা তাহাদের সঠিক পরিচয় গোপন করিয়া এহেন অন্যায় কর্মকান্ড করিয়া আমাকে সমাজের চোখে হেও প্রতিপন্নসহ আমার মান সম্মানের ক্ষতি করেছেন।

এমনকি অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা ঘটনার তারিখ ও সময়ে তাহাদের ফেইক ফেসবুক আইডির অনলাইন ব্যবহার করিয়া রাত্র অনুমান ৯.৪৯ মিনিটের সময় আমার কন্ঠ সুপার এডিট করিয়া অপপ্রচার করেন যে, পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাকে” এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি মোহাঃ রেজ-আন-উল-বাসার তাপসের অশালীন ভাষায় গালী “এহেন মিথ্যা জনমনে বিভ্রান্তি সৃষ্টি করিয়া সমাজের চোখে আমাকে হেও প্রতিপন্ন করিয়া আমার অনুমতি বিহীন উপরোক্ত কর্মকান্ড করিয়া অজ্ঞাতনামা ৪/৫ জন আসামীরা আমার কোটি টাকার উর্দ্ধে মান সম্মান হানী করিয়াছে। উপরোক্ত ঘটনার কারনে আমার পদ- পদবীসহ সমাজের মানুষের চোখে আমার প্রতি বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে এবং মান সম্মানের হানি ঘটেছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, এনটিভির সাংবাদিক রেজ আন উল বাসার তাপসের লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বর্ষা , নুসরাত, বিপাশা কারাগারে

মেহেরপুরে চাঞ্চল্যকর আটলান্টিকা হোটেল কাণ্ড ঘটনায় চাঁদাবাজি ও পর্ণগ্রাফি মামলার আসামি বর্ষা, নুসরাত ও বিপাশার জামিন বাতিল করে কারাগারে পাঠিয়েছেন আদালত।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আবু বকর সিদ্দিকের আদালতে বর্ষা, নুসরাত ও বিপাশা জামিন আবেদন করে আত্মসমর্পণ করলে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন।

মামলায় আসামি বিপাশার পক্ষে আইনজীবী আলমগীর হোসেন বলেন, আসামীর জামিন আদেশ বৃদ্ধির আবেদন করি। বিজ্ঞ আদালত জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন।

অপর আসামি নুসরাত ও বর্ষার পক্ষে ইয়ারুল ইসলাম আইনজীবীর দায়িত্ব

পালন করেন। সরকারি পক্ষে কোর্ট পুলিশ পরিদর্শক কৌসুলির দায়িত্ব পালন করেন।

এর আগে গত ২১ জুন একই আদালত এই আসামিদের ৬ জুলাই পর্যন্ত অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছিলেন।

আদালত সূত্রে জানা গেছে, নুসরাত, বর্ষা রহমান, বিপাশা খাতুন, বাংলাভিশনের সাংবাদিক তুহিন আরন্য, ডিবিসি চ্যানেলের সাংবাদিক আবু আক্তার করণ, দেশ টিভির সাংবাদিক রেক্সোনা আরা, নিলুফার ইয়াসমিন রুপাসহ ১৭ আসামিকে অভিযুক্ত করে হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় পুলিশ আদালতে চার্জশিট দেয়। অভিযুক্তদের বিরুদ্ধে পেনাল কোডের ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারাসহ ২০১২ সালের পর্নোগ্রাফী নিয়ন্ত্রণ আইনের ৮(১),৮(২), ৮(৩), ৮(৪) ধারায় অপরাধ প্রাথমিকভাবে সত্য বলে প্রমানিত হওয়ায় আদালতে চার্জশিট দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা।

চার্জশিটে অভিযুক্তরা হলেন- বাংলাভিশনের মেহেরপুর প্রতিনিধি মুস্তাফিজুর রহমান ওরফে তুহিন আরন্য, ডিবিসি টেলিভিশনের মেহেরপুর প্রতিনিধি আবু আক্তার করন, দেশ টিভির প্রতিনিধি রোকসানা আরা, এশিয়ান টিভির প্রতিনিধি মিজানুর রহমান জনি, কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, ছন্দা খাতুন, আটলান্টিক হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন জোয়ার্দার, আব্দুস সালাম, হাসিবুল হক জয়, নেহাল আল মুকিত, শাহাজান আলী, মোছা. রুপা, নুসরাত, বর্ষা, সুমন রহমান বিমান ও বিপাশা।

পুলিশের চার্জশিট থেকে জানা যায়, একটি নারী চক্র গড়ে তুলে মেহেরপুর শহরের আভিজাত শ্রেনীর হোটেল আটলান্টিকার মালিক মতিয়ার রহমান ও তার ছেলে মামুন বিভিন্ন ব্যবসায়ী, সরকারি কর্মকর্তা বা অভিজাত শ্রেনীর মানুষকে সুন্দরী নারী দিয়ে প্রেমের ফাঁদে ফেলে শারীরিক সম্পর্ক স্থাপন করে তা ভিডিও ধারণ করেন। এবং সেই ভিডিও দিয়ে ব্লাকমেইল করে অর্থ হাতিয়ে নিচ্ছিল। এই চক্রে বিভিন্ন এলাকার প্রায় ডজনখানেক সুন্দরী নারী জড়িত ছিলো।

উল্লেখ্য, গত বছরের ২২ নভেম্বর মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মনোয়ার হোসেন নামের এক এনজিও কর্মী সদর থানায় নারী চক্রের প্রধান হোতা প্রিয়া খানকে আসামি করে দণ্ডবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা করেন।

টেলিভিশন জগতে এনটিভি একটা বিশেষ স্থান অর্জন করেছে-বক্তারা

ব্যতিক্রম ধর্মী আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে দেশের অন্যতম স্যাটেলাইট চ্যানেল এন টিভির ২১ তম জন্মদিন পালিত হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে ঐতিহ্যবাহী গাংনী এতিমখানা মিলনায়তনে এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।

এসময় এনটিভি পরিবারের পক্ষ থেকে এতিমখানার ৫ জন শিশুকে কোরআন শরিফ তুলে দেওয়া হয়।

৩৯এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজওয়ানুল বাশার তাপস আলোচনা সভায় সভাপতিত্ব করেন।

মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মেহেরপুর-২ আসনের সাংসদ পত্নি লাইলা আরজুমান বানু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ-দৌলা রেজা, ইন্ডিপেন্ডেন্ট টিভির জেলা প্রতিনিধি রাজিবুল হক সুমন, চ্যানেল নাইনের জেলা প্রতিনিধি আবু নাছের চৌধুরী সম্রাট, কালবেলার মেহেরপুর জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, বাংলাটিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, নিউজ বাংলার জেলা প্রতিনিধি সোহেল রানা বাবু, নাগরিক টিভির জেলা প্রতিনিধি রাব্বী আহম্মেদ, প্রেসহাউজের এ্যাডমিন এ সিদ্দিকী শাহীন, সাংবাদিক খোকন প্রমূখ।

অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশ স্যাটেলাইট টেলিভিশনে এনটিভির বিগত দিনের কার্যক্রম নিয়ে আলোচনা করেন। বক্তারা বলেন, বাংলাদেশের টেলিভিশন জগতে এনটিভি একটা বিশেষ স্থান অর্জন করেছে, তাদের সংবাদের মান অনুষ্ঠানের পরিকল্পনা সাধারণ জনগণের কাছে দারুণভাবে সমাদৃত হয়েছে। তারা এনটিভির আগামী দিনের শুভেচ্ছা কামনা করেন। দোয়া মোনাজাত শেষে এতিমখানার শিশু ও অতিথিবৃন্দ এক সাথে বসে দুপুরের খাবার খান।

মুজিবনগরে স্থানীয় সাংবাদিকের সহযোগিতায় মানসিক প্রতিবন্ধী খুঁজে পেল পরিবার

মেহেরপুরের মুজিবনগরে দীর্ঘ চার বছর ধরে নিখোঁজ মানসিক প্রতিবন্ধী মিন্টু বাগচি মুজিবনগরের স্থানীয় সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান(শের খান) ও সানোয়ার হোসেন ডালিম এর সহযোগিতার মাধ্যমে ফিরে পেয়েছে তার পরিবার।

মিন্টু বাগচি গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলার হাইসুর গ্রামের নারায়ণ বাগচির ছেলে।

এ সম্পর্কে স্থানীয় সাংবাদিক হাসান মুস্তাফিজুর রহমান (শের খান) জানান, গত শনিবার সহকর্মী ডালিমের মাধ্যমে জানতে পারি যে শুক্রবার রাতে মুজিবনগর থানার টহল পুলিশ একজন মানসিক প্রতিবন্ধীকে আহত অবস্থায় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করেছে।

গতকাল শনিবার সকালে আমরা হসপিটালে গিয়ে তাকে সেখানে ভর্তি অবস্থায় পাই এবং বিভিন্নভাবে তার সাথে কথা বলে তার পরিচয় উদ্ধারের চেষ্টা করি এবং জানতে পারি যে তার নাম মিন্টু বাগচি তার বাড়ি হাইসূর যেহেতু নামটা আমাদের অপরিচিত সেহেতু আমরা অনেক চেষ্টার পর জানতে পারি যে গ্রামটি গোপালগঞ্জ জেলায় এবং কাশিয়ানী উপজেলায়। পরে আমি আমার ভোরের কাগজের কাশিয়ানী উপজেলা প্রতিনিধি

মামুন ভাই কে ফোন দিলে তিনি সেখানকার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং হাইসূর গ্রামের একটি বৃদ্ধাশ্রমের পরিচালক কে জানান। বেলা চারটার দিকে মিন্টু বাগচীর পরিবার আমার সাথে যোগাযোগ করে এবং তার চাচাতো ভাই পার্থ বাগচী শনিবার রাত দশটার সময় মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ আসেন তার কাছ থেকে আমরা জানতে পারি যে মিন্টু বাগচী ২০১৮ সাল থেকে মানসিক সমস্যায় ভুগছে তার চিকিৎসার উদ্দেশ্যে তার মা তাকে ইন্ডিয়ায় নিয়ে গিয়েছিল ২০১৯ সালের মাঝামাঝি সেখান থেকে সে নিখোঁজ হয়। অনেক খোঁজাখুঁজি করার পরও তার সন্ধান পাওয়া যায়নি সে কিভাবে ভারত থেকে বাংলাদেশে এসেছে তা আমরা বলতে পারব না। ঈশ্বরকে অনেক ধন্যবাদ যে দীর্ঘ চার বছর পরে আমরা আমাদের ভাইকে ফেরত পেয়েছি।

পার্থ বাগচি আজ রবিবার সকালে হাসপাতালে চিকিৎসা শেষে দীর্ঘ চার বছর পর তার ভাই মিন্টু বাগচিকে নিয়ে সে নিজ গ্রাম গোপালগঞ্জের হাইসূরের রওনা হয়।